

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ১৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ মে ২০১৬/২৮ বৈশাখ ১৪২৩

নম্বর ০৮.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৬-৯২—বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড
ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস)-এর বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত এবং অধিকতর কার্যকর
করিবার লক্ষ্যে সরকার নিম্নুপভাবে ‘সিআরভিএস বাস্তবায়ন কমিটি’ গঠন করিয়াছে:

(ক) কমিটির গঠন:

- | | | |
|-----|--|--------|
| ০১. | সচিব, (সমষ্টি ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | সভাপতি |
| ০২. | নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ
প্রযুক্তি বিভাগ | সদস্য |
| ০৩. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ০৪. | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গাণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ০৫. | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান বুরো, পরিসংখ্যান ও তথ্য
ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ০৬. | মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ০৭. | মহাপরিচালক, এনআইডি উইং, নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ | সদস্য |
| ০৮. | মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ডাক ও টেলিযোগাযোগ
বিভাগ | সদস্য |
| ০৯. | রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেল (জন্ম ও মৃত্যু নিবন্ধন)-এর
কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |

(৭৭০৭)

মূল্য : টাকা ৪.০০

১০.	প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
১১.	যুগ্ম সচিব, আইন ও বিচার বিভাগ	সদস্য
১২.	অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়	সদস্য
১৩.	পলিসি এডভাইজার, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
১৪.	অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য-সচিব

(খ) কমিটির কার্যপরিধি:

- ক) স্টেকহোল্ডারদের মধ্যে সমন্বয় সাধনে সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটিকে সহায়তা প্রদান;
- খ) সিআরভিএস বাস্তবায়নের জন্য জাতীয় সিআরভিএস কৌশল প্রণয়ন কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান;
- গ) সিআরভিএস-এর ডিজাইন/পরিকল্পনা তত্ত্বাবধান এবং এ সংক্রান্তে গঠিত কারিগরি কমিটিকে পরামর্শ প্রদান;
- ঘ) সিআরভিএস বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- ঙ) সিআরভিএস বাস্তবায়নকালে উদ্ভৃত সমস্যা নিরসন;
- চ) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির নিকট প্রতিবেদন পেশ ও সুপারিশ প্রদান; এবং
- ছ) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটি প্রদত্ত সিআরভিএস বাস্তবায়ন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম।

২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করিতে পারিবে। মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস সচিবালয় উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

মোঃ মোস্তাফিজুর রহমান
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd